

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্ট
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
১/আই পরিবাগ, শাহবাগ, ঢাকা-১০০০
www.hindustrust.gov.bd

নং- ১৬.০৫.০০০০.০০৫.০৬.৬১৮.১৭.৫৮৫

তারিখ:

১৯.০৮.১৪২৪ বঙ্গাব্দ
০৩.১২.২০১৭ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্টের ব্যবস্থাপনায় তীর্থভ্রমণ কর্মসূচি গ্রহণ করা হয়েছে। আগামী ২৭ ডিসেম্বর ২০১৭ থেকে ২৯ ডিসেম্বর ২০১৭ পর্যন্ত ৪০ জনের একটি তীর্থযাত্রীর দল সড়ক পথে বাংলাদেশের উল্লেখযোগ্য তীর্থক্ষেত্র শ্রীশ্রী চন্দ্রনাথ ধাম (সীতাকুন্ড, চট্টগ্রাম) এবং শ্রীশ্রী আদিনাথ ধাম (মহেশখালী, কক্সবাজার) সহ ঐ এলাকাসমূহের উল্লেখযোগ্য স্থান ও ধর্মীয় প্রতিষ্ঠান দর্শন করা হবে। নিম্নোক্ত তীর্থভ্রমণ সূচি অনুযায়ী ভ্রমণযাত্রায় আগ্রহী অংশগ্রহণকারীদের বিস্তারিত তথ্য জানার জন্য নিম্ন ঠিকানায় যোগাযোগ করার জন্য অনুরোধ করা হল। হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্টের ওয়েব সাইট www.hindustrust.gov.bd তে তীর্থযাত্রার আবেদন ফরম পাওয়া যাবে। তীর্থযাত্রার আবেদন ফরম জমার শেষ তারিখ: ১৭.১২.২০১৭ খ্রিস্টাব্দ বিকাল ৫.০০ ঘটিকা।

যোগাযোগ:-	তীর্থভ্রমণ সূচি:-
০১. অধ্যক্ষ বিপুল বিহারী হালদার ট্রাস্টি ও সভাপতি তীর্থ ভ্রমণ উপ-কমিটি, হি,ক,ট্রা মোবাইল: ০১৭১২৬১৭৪৫৯	২৭.১২.২০১৭ বুধবার সকাল ৮.০০টায় হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্টের অফিস থেকে সীতাকুন্ডে গমন। চন্দ্রনাথ ধাম দর্শন, প্রসাদ গ্রহণ (মধ্যাহ্ন)। শেষে চট্টগ্রামের উদ্দেশে যাত্রা এবং চট্টগ্রামে রাত্রিযাপন।
০২. শ্রী রঞ্জিত কুমার দাস সচিব (সরকারের যুগ্মসচিব), হি,ক,ট্রা মোবাইল: ০১৭১৫৬১৪৭৮৭	২৮.১২.২০১৭ বৃহস্পতিবার সকাল ১০.০০টায় চট্টগ্রাম ও কক্সবাজারের উল্লেখযোগ্য মন্দির দর্শন ও কক্সবাজারে রাত্রিযাপন।
০৩. শ্রী প্রশান্ত কুমার বিশ্বাস ফিল্ড অফিসার ও সদস্য সচিব তীর্থ ভ্রমণ উপ-কমিটি, হি,ক,ট্রা মোবাইল: ০১৭১৬৫০২১৫৯	২৯.১২.২০১৭ শুক্রবার সকালে মহেশখালীর আদিনাথ তীর্থধামের উদ্দেশে গমন পূজায় অংশগ্রহণ, প্রসাদ গ্রহণ (মধ্যাহ্ন)। বিকেলে সমুদ্র সৈকত দর্শন। রাত্রে ঢাকার উদ্দেশে যাত্রা। ৩০.১২.২০১৭ শনিবার সকালে ঢাকায় প্রত্যাবর্তন।

- * এ ভ্রমণের জন্য প্রত্যেক তীর্থযাত্রীকে আবেদনের সাথে ট্রাস্ট কার্যালয়ে ৪,০০০/- (চার হাজার) টাকা জমা দিতে হবে।
- * তীর্থযাত্রী নির্বাচন করার চূড়ান্ত ক্ষমতা ট্রাস্ট কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(রঞ্জিত কুমার দাস)
সচিব
হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্ট
মোবাইল: ০১৭১৫৬১৪৭৮৭